গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

রেজি/এডি:

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯০.২০২০-

তাং------------/------/১৪২৭ বঙ্গাব্দ
/------/২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০১১/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মো: আব্দুল লতিফ (পিতা- মো: আবুল হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দীপ, চট্টগ্রাম (প্রাক্তন সিনিয়র স্টাফ নার্স ও ইনচার্জ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহজাদপুর, সিরাজগঞ্জ) এর বিরুদ্ধে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ এই মর্মে মৌখিক অভিযোগে এ অধিদপ্তরকে জানান যে, জনাব মো: আব্দুল লতিফ (পিতা- মো: আবুল হোসেন), সিনিয়র স্টাফ নার্স, অসদাচরণ ও অর্থ আত্মসাৎ করেছেন অর্থাৎ ডিমান্ড সাইড ফাইনান্সিং (ডিএসএফ) এর গত ২০১৯-২০২০ অর্থ বছরের সার্ভিস প্রভাইডার ও আনুসাঙ্গিক খাতের মোট ২০,৬২,০৩০/- (বিশ লক্ষ বাষট্টি হাজার ত্রিশ) টাকা সার্ভিস প্রভাইডারদের সার্ভিস চার্জ পরিশোধ না করে নিজে আত্মসাৎ করেন মর্মে অভিযোগ আনা হয়;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ অধিদপ্তরের ০৩-১১-২০২০ইং তারিখের ২১০ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত অভিযোগ সত্য মর্মে প্রতীয়মান হয়;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ"ও "দুর্নীতি পরায়ণ" এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, এক্ষণে আপনি জনাব মো: আব্দুল লতিফ (পিতা- মো: আবুল হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দীপ, চট্টগ্রাম (প্রাক্তন সিনিয়র স্টাফ নার্স ও ইনচার্জ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহজাদপুর, সিরাজগঞ্জ) কে "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" এর দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী অভিযুক্ত করা হল এবং একই বিধিমালার ৪(৩)(ঘ)বিধি মোতাবেক কেন আপনাকে সরকারি চাকরী হতে বরখাস্ত করা হবে না অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথাপোযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ)বিধি মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে আত্মপক্ষ সমার্থনে লিখিত বক্তব্য নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছা পোষণ করেন কি-না তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হল।

স্বা:
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল: dg@dgnm.gov.bd

কর্মস্থলের ঠিকানা:
জনাব মো: আব্দুল লতিফ
পিতা- মো: আবুল হোসেন
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দীপ, চট্টগ্রাম

স্থায়ী ঠিকানা:
জনাব মো: আব্দুল লতিফ
পিতা- মো: আবুল হোসেন
গ্রাম: রাঙ্গাদালিয়া গাতী
পোস্ট: ফুলকোচা
উপজেলা+ জেলা: সিরাজগঞ্জ।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯০.২০২০- ২১৯/ ১(৮)

তাং- ০৫ / ১ /১৪২৮ বঙ্গাব্দ
১৮ / ৪ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিভিল সার্জন, সিরাজগঞ্জ/চট্টগ্রাম।

০৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,শাহজাদপুর, সিরাজগঞ্জ/সন্দীপ, চট্টগ্রাম।

০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ/সন্দীপ, চট্টগ্রাম।

০৫। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ অভিযোগনামাটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, সিরাজগঞ্জ/চট্টগ্রাম।

০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৮। অফিস কপি।

১৮/০৪/২০২১

মোহাম্মদ আবদুল হাই, পিএএ
উপসচিব
পরিচালক (প্রশাসন, শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল: dg@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

**অভিযোগ বিবরণী**

জনাব মো: আব্দুল লতিফ (পিতা- মো: আবুল হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দীপ, চট্টগ্রাম (প্রাক্তন সিনিয়র স্টাফ নার্স ও ইনচার্জ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহজাদপুর, সিরাজগঞ্জ) এর বিরুদ্ধে ডিমান্ড সাইড ফাইনান্সিং (ডিএসএফ) এর গত ২০১৯-২০২০ অর্থ বঠছরের সার্ভিস প্রভাইডার ও আনুসাঙ্গিক খাতের মোট ২০,৬২,০৩০/- (বিশ লক্ষ বাষট্টি হাজার ত্রিশ) টাকা সার্ভিস প্রভাইডারদের সার্ভিস চার্জ পরিশোধ না করে নিজে আত্মসাৎ করেন মর্মে অভিযোগ আনা হয়। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" এর আওতাভুক্ত অপরাধ।

৮।০৪।৬৩
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল: dg@dgnm.gov.bd